২০০৮

বাংলা

দ্বিতীয় পাঠক্রম

(নূতন পাঠক্রম অনুসারে)

সময় ঃ দু' ঘণ্টা　　　　পূর্ণমান ঃ ৫০

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। উনিশ শতকের দ্বিতীয়ার্ধে রচিত বাংলা আখ্যানকাব্য-মহাকাব্য ধারার পরিচয় দিয়ে এই ধারার বিলুপ্তির কারণ বিশ্লেষণ করুন। ১৫

অথবা

পুরাণাশ্রয়ী বাংলা নাট্য ধারার পরিচয় দিন।

২। শরৎচন্দ্রের ঔপন্যাসিক প্রতিভার পরিচয় দিয়ে তাঁর জনপ্রিয়তার কারণগুলি আলোচনা করুন। ১৫

অথবা

বাংলা ছোটগল্পে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের অবদান সম্পর্কে আলোচনা করুন।

৩। সংক্ষেপে আলোচনা করুন (যে কোন চারটি) ৪×৫=২০

ক) জীবনানন্দের কাব্যভাষার পরিচয় দিন।

[পরের পৃষ্ঠায় দেখুন

২০০৮

বাংলা

প্রথম পাঠক্রম

(নূতন পাঠক্রম অনুসারে)

সময় ঃ দু' ঘণ্টা　　　　পূর্ণমান ঃ ৫০

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। বাংলা ভাষায় সাহিত্য সৃষ্টির পূর্বে বাঙালির সাহিত্য চর্চার পরিচয় দিন। ১৫

অথবা

আত্মজীবনীমূলক শ্লোকগুলি অবলম্বনে কৃত্তিবাসের আবির্ভাবকাল নিরূপণ করুন।

২। মধ্যযুগের বাংলা সাহিত্যে চৈতন্য জীবনী কাব্যধারার সংক্ষিপ্ত পরিচয় দিন। ১৫

অথবা

অষ্টাদশ শতাব্দীর বাংলা সাহিত্যে যুগজীবনের প্রবণতা কতোটা ধরা পড়েছে নির্দেশ করুন।

৩। যে কোন চারটি প্রশ্নের উত্তর দিন ঃ ৪×৫=২০

ক) খেতুরীর মহোৎসব বৈষ্ণব ধর্মের ইতিহাসে কোন দিক থেকে গুরুত্বপূর্ণ?

খ) বাংলা সাহিত্যের ইতিহাসে 'গৌরাঙ্গ বিজয়' গ্রন্থটির গুরুত্ব কী?

গ) বলরাম দাসের পদাবলীর বিশেষত্ব আলোচনা করুন।

[পরের পৃষ্ঠায় দেখুন

ঘ) মধ্যযুগের বাংলা সাহিত্যে চন্দ্রাবতীর রামায়ণের গুরুত্ব বিচার করুন।

ঙ) অষ্টাদশ শতাব্দীর একজন শাক্ত পদাবলী রচয়িতার সংক্ষিপ্ত পরিচয় দিন।

চ) 'সদুক্তিকর্ণামৃত' গ্রন্থের পরিচয় দিন।

ছ) মালাধর বসু কোন সময় কাব্য রচনা করেন? তাঁর পৃষ্ঠপোষক কে ছিলেন বলে মনে করা হয়?

জ) মধ্যযুগের বাংলা সাহিত্যে মহারাষ্ট্র পুরাণে'র স্বাতন্ত্র্য কোথায়?

খ) 'তত্ত্ববোধিনী' পত্রিকা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

গ) প্রমথ চৌধুরীর প্রবন্ধ সাহিত্যের সংক্ষিপ্ত পরিচয় দিন।

ঘ) গিরিশচন্দ্রের ঐতিহাসিক নাটকের সংক্ষিপ্ত পরিচয় দিন।

ঙ) 'আলালের ঘরের দুলাল' রচনাটির সংক্ষিপ্ত পরিচয় দিন।

চ) 'স্বপ্নপ্রয়ান' কাব্যটি কার লেখা? এটি কী ধরণের রচনা?

ছ) রবীন্দ্রনাথের দুটি রূপক-সাংকেতিক নাটকের পরিচয় দিন।

জ) বাংলা নাটকের সূচনা পর্বে লেবেডেফ কী ভূমিকা পালন করেছিলেন

PG-I (DE)/08(New)

২০০৮

বাংলা

চতুর্থ পাঠক্রম

(নূতন পাঠক্রম অনুসারে)

য় ঃ দু' ঘণ্টা পূর্ণমান ঃ ৫০

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

। অন্যান্য ভাষার দাবীকে অস্বীকার করে চর্যাগীতির ভাষাকে বাংলা বলে গ্রহণ করার যৌক্তিকতা বিচার করুন। ১৫

অথবা

চর্যাগীতির রচনাকাল সম্বন্ধে একটি গ্রহণযোগ্য সিদ্ধান্তে উপনীত হওয়া যায় কিনা বিচার করুন।

। শ্রীকৃষ্ণকীর্তন কাব্যে কৃষ্ণচরিত্রে পৌরাণিক মহিমার পরিবর্তে গ্রাম্যতার প্রকাশ ঘটেছে। মন্তব্যটি বিচার করুন। ১৫

অথবা

শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের 'রাধাবিরহ' অংশটি কাব্যের প্রত্যাশিত পরিণাম। — মন্তব্যটি ব্যাখ্যা করুন।

। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন ঃ ৫

ক) উদ্ধৃতাংশের ব্যাখ্যা করুন।

জাহের বাণচিহ্ন রূপ ন জানী।
সো কইসে আগম বেএঁ বখানী।।
কাহেরে কিষ ভণি মই দিবি পিরিচ্ছা।
উদক চান্দ জিস সাচ ন মিচ্ছা।।

[পরের পৃষ্ঠায় দেখুন

PG-I (DE)/08(New)

২০০৮

বাংলা

তৃতীয় পাঠক্রম

(নূতন পাঠক্রম অনুসারে)

সময় ঃ দু' ঘণ্টা পূর্ণমান ঃ ৫০

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। প্রাচীন ভারতীয় আর্য ভাষা থেকে বাংলা ভাষার উদ্ভবের বিবরণ দিন। প্রাচীন ভারতীয় আর্য ভাষার প্রধান প্রধান বিশেষত্বগুলির পরিচয় দিন। ১৫

অথবা

মৌলিক স্বরধ্বনি কাকে বলে? মৌলিক স্বরধ্বনির নিরিখে বাংলা স্বরধ্বনির শ্রেণিবিভাগ করুন।

২। বাংলা নঞর্থক বাক্যের গঠন ও প্রকৃতি সম্বন্ধে আলোচনা করুন। ১৫

অথবা

বাংলা ভাষায় কাল (Tense) ও পুরুষ (Person) ভেদে ক্রিয়ার রূপ কীভাবে পরিবর্তিত হয় উদাহরণসহ আলোচনা করুন।

৩। যে কোন চারটি প্রশ্নের উত্তর দিন ঃ ৪×৫=২০

ক) ভাষার এককালিক ও কালানুক্রমিক আলোচনার পার্থক্য নির্দেশ করুন।

খ) বাংলা বহুবচনের পদগঠন কীভাবে হয়?

[পরের পৃষ্ঠায় দেখুন

গ) সতম ও কেন্তম গুচ্ছের মূল পার্থক্য কী। দুই ভাষাবর্গের ভাষাগুলির নাম লিখুন।

ঘ) অবিভাজ্য ধ্বনি বলতে কী বোঝায়? বাংলা অবিভাজ্য ধ্বনি কোনগুলি?

ঙ) শব্দের অর্থ পরিবর্তন মুখ্য কারণ কী?

চ) বিভক্তি ও অনুসর্গের মধ্যে পার্থক্য নিরূপণ করুন।

ছ) যৌগিক কাল সম্বন্ধে আলোচনা করুন।

জ) ঝাড়খণ্ডী উপভাষার এলাকা ও ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য নির্দেশ করুন।

অথবা

অপণে রচি রচি ভব নির্বাণা।
মিছেঁ লোঅ বন্ধাবএ অপণা।।
অন্তে ন জানহুঁ অচিন্ত জোই।
জাম মরণ ভব কইসন হোই।।

খ) উদ্ধৃতাংশের ব্যাখ্যা করুন।

রঘুবংশ পরধান আক্ষে শ্রীরাম নাম আক্ষার শুন তোক্ষে
কথা।
সপুত্র বান্ধবে বাঢ়ে লঙ্কার রাবণে ল তাহার কাটিলোঁ
দশ মাথা।। ৫

অথবা

আনুঘর পরিহর কে তোকে দিব উত্তর
ঠাঁঠী বড়ী গোআলিনী তোঁ।
উপদেশ বোল তোক্ষে কথাঁ কাহ্ন পাইব আক্ষে
চাহিআঁ আসিআঁ দিবো মোঁ।।

গ) নিম্নলিখিত প্রশ্নের উত্তর দিন ঃ

চর্যাগীতিতে উপলব্ধ আনন্দের স্তরগুলি বিশ্লেষণ করুন। ৫

অথবা

চর্যা কাকে বলে? চর্যাগীতির আবিষ্কারকের নাম কি? কোন্ প্রতিষ্ঠান থেকে কে এগুলিকে কি নাম দিয়ে কখন পুস্তকাকারে প্রকাশ করেন?

ঘ) নিম্নলিখিত প্রশ্নের উত্তর দিন ঃ

শ্রীকৃষ্ণকীর্তন কাব্যে নারদ চরিত্রের মধ্য দিয়ে কীভাবে হাস্যরসের প্রকাশ ঘটেছে তা বিশ্লেষণ করে দেখান। ৫

অথবা

শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের নামকরণ কতটা সার্থক হয়েছে বিচার করুন।

PG-I (DE)/08(New)

২০০৮

বাংলা

ষষ্ঠ পাঠক্রম

(নূতন পাঠক্রম অনুসারে)

সময় ঃ দু' ঘণ্টা　　পূর্ণমান ঃ ৫০

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। অন্যান্য রসকে ছাপিয়ে করুণরসই ক্ষেমানন্দের মনসামঙ্গলে প্রধান হয়ে উঠেছে। দৃষ্টান্ত সহকারে এই মন্তব্যের যথার্থ্য বিচার করুন। ১৫

অথবা

লৌকিক সংস্কৃতির নানা উপাদানে ক্ষেমানন্দের মনসামঙ্গল কাব্যখানি বিশিষ্ট হয়ে উঠেছে। — আলোচনা করুন।

২। দৌলত কাজীর রচনায় মূলানুগত্য ও মৌলিকতার পরিচয় দিন। ১৫

অথবা

'অন্নদামঙ্গল' কাব্যে শিব পুরাণাশ্রিত হলেও কবির সমকালীন সমাজভাবনা ও ব্যক্তি জীবনের উপলব্ধি তাতে সংমিশ্রিত হয়েছে। — আলোচনা করুন।

৩। যে কোন চারটি প্রশ্নের উত্তর দিন ঃ ৪×৫=২০

ক) দৌলতাকাজীর 'লোরচন্দ্রাণী' কাব্যের 'রাজস্তুতি' অংশে রাজসভাকবির বৈশিষ্ট্য কতটা পরিস্ফুট হয়েছে দেখান।

খ) ''শুন হে প্রাণের পতি　　যদি দেহ অনুমতি
চলনা দেখিব গিয়া মায়।।''
— প্রসঙ্গ নির্দেশ করে বক্তার চারিত্রিক বৈশিষ্ট্য স্পষ্ট করুন।

[পরের পৃষ্ঠায় দেখুন

PG-I (DE)/08(New)

২০০৮

বাংলা

পঞ্চম পাঠক্রম

(নূতন পাঠক্রম অনুসারে)

সময় ঃ দু' ঘণ্টা　　পূর্ণমান ঃ ৫০

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। 'চৈতন্যচরিতামৃত'-এর আদিলীলা চতুর্থ পরিচ্ছেদে কৃষ্ণদাস কবিরাজ কাম ও প্রেমের পার্থক্য নির্দেশ করে যেভাবে গোপীপ্রেমের বৈশিষ্ট্য প্রকাশ করেছেন তা আলোচনা করুন। ১৫

অথবা

মহাপ্রভু শ্রীচৈতন্য ও রায় রামানন্দের মধ্যে সাধ্য-সাধন সম্পর্কিত আলোচনায় রাধাপ্রেমকে কেন 'সাধ্য শিরোমণি' বলা হয়েছে— ব্যাখ্যা করুন।

২। বৈষ্ণবপদাবলীতে 'পূর্বরাগ'-এর সংজ্ঞা কী? 'পূর্বরাগ' পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে? তাঁর পদগুলির কাব্যমূল্য নিরূপন করুন। ১৫

অথবা

'আত্মনিবেদন' পর্যায়ে চণ্ডীদাসের পদগুলির এক বিশেষ আবেদন রয়েছে— আলোচনা করুন।

৩। যে কোন দুটি প্রশ্নের উত্তর দিন ঃ ৫×২=১০

ক) সাধ্য-সাধনতত্ত্ব আলোচনায় রায় রামানন্দ শান্তরসের বিষয়টি উহ্য রেখেছেন কেন?

[পরের পৃষ্ঠায় দেখুন

খ) 'আত্মেন্দ্রিয় প্রীতি-ইচ্ছা — তারে বলি 'কাম'।

কৃষ্ণেন্দ্রিয় প্রীতি-ইচ্ছা — ধরে 'প্রেম' নাম।'

— ব্যাখ্যা করুন।

গ) 'অরসজ্ঞ কাক চুষে জ্ঞান নিম্বফলে।

রসজ্ঞ কোকিল খায় প্রেমাম্র মুকুলে।।'

— উদ্ধৃতিটির তাৎপর্য বিশ্লেষণ করুন।

ঘ) 'রাধিকার ভাবকান্তি করি অঙ্গীকার।

নিজরস আস্বাদিতে কৈল্যো অবতার।।'

— এখানে কার অবতীর্ণ হবার কথা বলা হয়েছে? তাঁর স্বরূপ আলোচনা করে বুঝিয়ে দিন।

৩। যে কোন দুটি প্রশ্নের উত্তর দিন ঃ ৫×২=১০

ক) প্রাক্ চৈতন্য ও চৈতন্যোত্তর যুগের বৈষ্ণবপদাবলীর মূল বৈশিষ্ট্যগুলি উল্লেখ করুন।

খ) 'অনুরাগ' পর্যায়ে জ্ঞানদাসের পদের বিশেষত্ব নিরূপণ করুন।

গ) 'প্রেমবৈচিত্ত' কী? বিভিন্ন কবির পদ উল্লেখ করে বিষয়টি পরিস্ফুট করুন।

ঘ) 'মাথুর' পর্যায়ে বিদ্যাপতির কৃতিত্ব বিবৃত করুন।

গ) ''অধিক না দিও ভার সাধু পাছে মরে।

তবে ত আমার পূজা হবে না সংসারে।।"

— বক্তা কে? তাঁর এই মনোভাবের কারণ কী?

ঘ) 'লোরচন্দ্রাণী' কাব্যে চন্দ্রাণী চরিত্র সৃষ্টিতে কবির কৃতিত্ব আলোচনা করুন।

ঙ) অন্নদামঙ্গল কাব্যে পৃষ্ঠপোষকের প্রভাব কতখানি পড়েছে?

চ) 'লোরচন্দ্রাণী' কাব্যে অলৌকিকতা প্রসঙ্গের পরিচয় দিন।

ছ) অন্নদামঙ্গল কাব্যে দেবী কর্তৃক ব্যাস ছলনা অংশের তাৎপর্য ব্যাখ্যা করুন।

জ) ''তেজোবধ হয় যার প্রাণবধ ভাল তার

কোনখানে সমাদর নাই।"

এই উপলব্ধির মধ্য দিয়ে বক্তার কোন্ চারিত্রিক বৈশিষ্ট্য প্রকাশিত হয়েছে?

২০০৮

বাংলা

অষ্টম পাঠক্রম

(নূতন পাঠক্রম অনুসারে)

সময় ঃ দু' ঘণ্টা পূর্ণমান ঃ ৫০

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। 'সাজাহান' নাটকে ব্যবহৃত গানগুলির নাট্যপযোগিতা সম্পর্কে আলোচনা করুন। ১৫

অথবা

'নবান্ন' নাটকের পটভূমিতে আছে মন্বন্তর আর পরিণতিতে আছে নূতন দিনের প্রতিশ্রুতি। নাট্যকার কীভাবে এই দুয়ের সামঞ্জস্য রচনা করেছেন আলোচনা করুন।

২। 'তপস্বী ও তরঙ্গিনী' নাটকে ইন্দ্রিয়াসক্ত কামের পরিণতি ঘটেছে প্রেমে আর প্রেমের পরিণতি ঘটেছে নিরাসক্ত মুক্তিতে। — নাটকের বিষয়বস্তু আলোচনা করে এই উক্তির গ্রহণযোগ্যতা দেখান। ১৫

অথবা

'চাঁদ বণিকের পালা' নাটকে বার বার পাড়িদেবার কথা এসেছে। এর বিশিষ্ট তাৎপর্য প্রতিপাদন করুন।

৩। যে কোন চারটি প্রসঙ্গ আলোচনা করুন ঃ ৪×৫=২০

ক) 'সাজাহান' নাটকে দিলদার চরিত্রের ভূমিকা কী?

[পরের পৃষ্ঠায় দেখুন

২০০৮

বাংলা

সপ্তম পাঠক্রম

(নূতন পাঠক্রম অনুসারে)

সময় ঃ দু' ঘণ্টা পূর্ণমান ঃ ৫০

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। 'মেঘনাদ বধ কাব্য'-এর নারীচরিত্র নির্মাণে মধুসূদনের কৃতিত্বের পরিমাপ করুন। ১৫

অথবা

'কালা পাহাড়' ও 'অঘোরপন্থী' কবিতা দুটি অবলম্বনে মোহিতলালের কাব্য বৈশিষ্ট্যের পরিচয় দিন।

২। জীবনানন্দ দাশের কবিতায় অন্ধকারবাচক শব্দের ব্যবহার পুনঃ পুনঃ ঘটেছে লক্ষ করা যায়। এর কারণ কী? তাঁকে কি অন্ধকারবিলাসী কবি বলা যায়? ১৫

অথবা

বিষ্ণু দে'র কবিতার উল্লেখযোগ্য বিশিষ্টতাগুলি কী কী ? পঠিত কবিতা অবলম্বনে বুঝিয়ে দিন।

৩। যে কোন চারটি প্রশ্নের উত্তর দিন ঃ ৪×৫=২০

ক) 'মেঘনাদ বধ কাব্য'-এর প্রমীলা চরিত্রটি অঙ্কনে মধুসূদন দত্তের কৃতিত্বের পরিমাপ করুন।

[পরের পৃষ্ঠায় দেখুন

[২]

খ) 'মেঘনাদ বধ কাব্য'-এর চতুর্থ সর্গের বিষয়বস্তু কী, সংক্ষেপে বিবৃত করুন।

গ) তাই
লাশকাটা ঘরে
চিৎ হয়ে পড়ে আছে
টেবিলের পরে।

— এখানে তাই শব্দটি ব্যবহারের তাৎপর্য কী?

ঘ) জীবনানন্দের 'ঘোড়া' কবিতাটিতে সময়চেতনার প্রকাশ কীভাবে ঘটেছে, বুঝিয়ে বলুন।

ঙ) মোহিতলাল মজুমদারকে দেহাত্মবাদী কবি বলা যায় কী?

চ) মোহিতলাল কোন দিক থেকে বাংলা কাব্যে স্বতন্ত্র— আলোচনা করে দেখান।

ছ) সুধীন্দ্রনাথ দত্তের 'শাশ্বতী' কবিতাটির ভাববস্তু বুঝিয়ে বলুন।

জ) বিষ্ণু দে'র 'স্মৃতি সত্তা ভবিষ্যৎ' কবিতাটিতে স্মৃতি সত্তা ও ভবিষ্যৎ বলতে কী বোঝানো হয়েছে?

[২]

খ) ''হায় পৃথিবীতে সাম্রাজ্য কি এতই মহার্ঘ? আর বিবেক কি এতই সুলভ?''
— বক্তা কে? কোন প্রসঙ্গে সে একথা বলেছে?

গ) 'নবান্ন' নাটকে লোক উপাদানের ব্যবহার করার সার্থকতা কী?

ঘ) ''তাদের ভূমিকা আজ বিচূর্ণিত ঘট''— কার উক্তি? এখানে কাদের ভূমিকার কথা বলা হয়েছে? উক্তিটির তাৎপর্য কী?

ঙ) 'নবান্ন' নাটকে মানুষের মনুষ্যত্বহীনতার ছবি কীভাবে উন্মোচিত হয়েছে দেখান?

চ) 'চাঁদ বণিকের পালা' নাটকে বল্লভাচার্য চরিত্রের উপযোগিতা বুঝিয়ে দিন।

ছ) 'তপস্বী ও তরঙ্গিনী' নাটকের প্রথম দৃশ্যে দুই রাজপুরুষের কথোপকথনের নাট্যগত প্রয়োজন কী?

জ) 'তপস্বী ও তরঙ্গিনী' নাটকের তৃতীয় অঙ্কে গ্রামের মেয়েদের কথোপকথনে কী বোঝান হয়েছে?

PG Part-I (Under DE Mode) Exam., 2009

বাংলা

প্রথম পাঠক্রম

সময় : ২ ঘণ্টা | *পূর্ণমান : ৫০*

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। বাংলা সাহিত্যের ইতিহাসে তুর্কী আক্রমণের প্রভাব কী হয়েছিল, তা বিস্তৃত আলোচনা করুন। ১৫

অথবা

বাংলা সাহিত্যে শ্রীচৈতন্যের জীবন ও সাধনার প্রভাব সম্পর্কে আলোচনা করুন।

২। মধ্যযুগের বাংলা সাহিত্যের ইতিহাসে কাশীরাম দাসের 'মহাভারত'-এর গুরুত্ব বিচার করুন। ১৫

অথবা

প্রাক্‌চৈতন্য ও চৈতন্যোত্তর পর্বের 'বৈষ্ণব পদাবলী'-র পার্থক্য নির্দেশ করুন।

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দিন : ৫×৪=২০

(ক) 'প্রাকৃত পৈঙ্গল' গ্রন্থটির গুরুত্ব কী?

(খ) পদকর্তা বলরাম দাসের পদাবলীর বৈশিষ্ট্য আলোচনা করুন।

PG-I/DE/Exam., 2009

PG Part-I (Under DE Mode) Exam., 2009

বাংলা

দ্বিতীয় পাঠক্রম

সময় : ২ ঘণ্টা | *পূর্ণমান : ৫০*

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। বাংলা গদ্যের বিকাশে ফোর্ট উইলিয়ম কলেজের অবদান সম্পর্কে আলোচনা করুন। ১৫

অথবা

উনিশ শতকের বাংলা গীতিকাব্য ধারার পরিচয় দিন।

২। বাংলা নাটকে দেশাত্মবোধের প্রভাব সম্পর্কে আলোচনা করুন। ১৫

অথবা

বাংলা ছোটগল্পে মানিক বন্দ্যোপাধ্যায়ের অবদান সম্পর্কে আলোচনা করুন।

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন (যে-কোন চারটি) : ৫×৪=২০

(ক) বাংলা সাহিত্যে ১৭৯৫ সালের গুরুত্ব সম্পর্কে লিখুন।

(খ) বাংলা নাট্যসাহিত্যে অমৃতলাল বসুর ভূমিকা আলোচনা করুন।

(গ) বাংলা কাব্যে প্রেমেন্দ্র মিত্রের অবদান সম্পর্কে আলোচনা করুন।

(ঘ) বিশ শতকের একজন মহিলা কথাকারের সম্পর্কে আলোচনা করুন।

(ঙ) একটি সার্থক বাংলা ঐতিহাসিক উপন্যাস সম্পর্কে আলোচনা করুন।

(চ) রবীন্দ্রনাথের ঐশ্বর্যপর্বের কাব্য-বৈশিষ্ট্য আলোচনা করুন।

(ছ) 'হুতোম প্যাঁচার নক্‌সা' গ্রন্থটির গুরুত্ব দেখান।

(জ) 'বিষাদ-সিন্ধু' গ্রন্থটি কার রচনা? এই গ্রন্থটির সংক্ষিপ্ত পরিচয় দিন।

★★★

(গ) 'গৌড়ী' রীতির বৈশিষ্ট্য আলোচনা করুন।

(ঘ) 'শ্রীকৃষ্ণ বিজয়' কাব্যটির সংক্ষিপ্ত পরিচয় দিন।

(ঙ) বাংলা সাহিত্যে 'গীতগোবিন্দ'-এর প্রভাব সম্পর্কে আলোচনা করুন।

(চ) চৈতন্য জীবনীকাব্য ধারায় জয়ানন্দের 'চৈতন্যমঙ্গল' কাব্যটির বিশেষত্ব আলোচনা করুন।

(ছ) অষ্টাদশ শতককে অবক্ষয়ের যুগ বলা হয় কেন?

(জ) 'গোপীচন্দ্রের গান' কে প্রথম সংগ্রহ করেন? সাহিত্যের ইতিহাসে গানগুলির গুরুত্ব বিচার করুন।

★★★

PG Part-I (Under DE Mode) Exam., 2009

বাংলা

তৃতীয় পাঠক্রম

সময় : ২ ঘণ্টা *পূর্ণমান : ৫০*

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। বাংলা ভাষার মধ্যপর্বের কালসীমা নির্দেশ করে এই পর্বের বৈশিষ্ট্যগুলি আলোচনা করুন। ১৫

অথবা

ধ্বনি পরিবর্তনের কারণ কী? ধ্বনি পরিবর্তনের প্রধান প্রধান ধারাগুলি দৃষ্টান্ত সহযোগে আলোচনা করুন।

২। রূপতত্ত্ব বলতে কী বোঝায়? বাংলা রূপতত্ত্বের মূল সূত্রগুলি উদাহরণসহ আলোচনা করুন। ১৫

অথবা

বাংলা প্রশ্নবোধক বাক্যের গঠন ও প্রকৃতি আলোচনা করুন।

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দিন : ৫×৪=২০

(ক) সুতনুকা প্রত্নলিপির বৈশিষ্ট্য সম্বন্ধে আলোচনা করুন।

(খ) ভাষার রূপতত্ত্বানুসারী শ্রেণীবিভাগ কিভাবে হয়?

PG Part-I (Under DE Mode) Exam., 2009

বাংলা

ষষ্ঠ পাঠক্রম

সময় : ২ ঘণ্টা *পূর্ণমান : ৫০*

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। চাঁদ চরিত্র নির্মাণে কেতকাদাস ক্ষেমানন্দের কৃতিত্ব আলোচনা করুন। ১৫

অথবা

''দৌলতকাজীর কাব্যে লোর-চন্দ্রাণীর প্রণয়-মাধুর্য অপেক্ষা সতী-ময়না চরিত্রটি অধিকতর উজ্জ্বলভাবে পরিস্ফুট হয়েছে।'' মন্তব্যটি যুক্তিসঙ্গত কিনা, বিচার করুন।

২। ভারতচন্দ্র ছিলেন রাজসভার কবি। 'অন্নদামঙ্গল' কাব্যে এর প্রভাব কতোটা পড়েছে, আলোচনা করুন। ১৫

অথবা

''ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কাব্যে রয়েছে অষ্টাদশ শতাব্দীর সামগ্রিক ছবি। সমাজ-সংসারের নানা অসঙ্গতিও তাঁর দৃষ্টি এড়িয়ে যায়নি।'' মন্তব্যটির সার্থকতা বিচার করুন।

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দিন : ৫×৪=২০

(ক) ''তোমা সবাকার ঘরে আর নাহি সাজে।
সকল ভাজের সঙ্গে নিত্য দ্বন্দ্ব বাজে॥''

প্রসঙ্গ নির্দেশ করে এই উক্তিটির মধ্য দিয়ে যে নির্মম সত্যটি পরিস্ফুট হয়েছে, তা আলোচনা করুন।

(খ) ''কী কারণে দেব সবে বল এতগুলা।
কেবা জানে চাঁদবেনে কে জানে বেহুলা॥''

কার উক্তি? বক্তার এই মানসিকতার কারণ ব্যাখ্যা করুন।

(গ) কেতকাদাস ক্ষেমানন্দের কাব্যে জনার্দন চরিত্রটির গুরুত্ব বিচার করুন।

(ঘ) 'অন্নদামঙ্গল' কাব্যে হরি হোড় চরিত্রটির ভূমিকা আলোচনা করুন।

(ঙ) 'অন্নদামঙ্গল' কাব্যে অলঙ্কার ব্যবহারে ভারতচন্দ্রের দক্ষতার পরিচয় দিন।

(চ) 'লোর-চন্দ্রাণী' কাব্যে চন্দ্রাণীর ধাত্রীমাতার ভূমিকা কী?

(ছ) 'লোর-চন্দ্রাণী' কাব্যে ময়নাবতী চরিত্রের গুরুত্ব বিচার করুন।

(জ) 'লোর-চন্দ্রাণী' কাব্যের কাহিনীর অন্তরালে যে সুফী ভাবনার ইঙ্গিত রয়েছে, তা বিবৃত করুন।

★★★

(গ) স্পৃষ্টধ্বনি ও তার বৈশিষ্ট্য নির্দেশ করুন।

(ঘ) বাংলা অধিকরণ কারকের বিভক্তিগুলি কীভাবে উদ্ভূত হলো, দেখান।

(ঙ) বাংলা শব্দভাণ্ডারে আগন্তুক শব্দের গুরুত্ব আলোচনা করুন।

(চ) সম্মুখ ও পশ্চাৎ স্বরধ্বনির সম্বন্ধে আলোচনা করুন।

(ছ) রাঢ়ী উপভাষার বিশেষত্ব নির্দেশ করুন।

(জ) মিশ্রভাষা ও উপভাষার মধ্যে পার্থক্য নিরূপণ করুন।

★★★

PG Part–I (Under DE Mode) Exam., 2009

বাংলা

চতুর্থ পাঠক্রম

সময় : ২ ঘণ্টা *পূর্ণমান* : ৫০

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। চর্যাপদে সেকালের সমাজজীবনের যে চিত্র পাওয়া যায়, তার বিবরণ দিন। ১৫

অথবা

''চর্যাপদগুলি ঠিক সাহিত্যিক রচনা নয়, তবু এর সাহিত্যগুণকে অস্বীকার করা যায় না।'' আলোচনা করুন।

২। ''গীতিধর্ম 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের প্রাণ।'' প্রধানত কাব্যের রাধাবিরহ অংশ অবলম্বনে মন্তব্যটি বিশ্লেষণ করুন। ১৫

অথবা

'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে কর্মতৎপর বড়াই চরিত্রের প্রকৃত ভূমিকাটি ব্যাখ্যা করুন।

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

(ক) উদ্ধৃতাংশের ব্যাখ্যা করুন : ৫

মঙ্গত চড়হিলেঁ চউদিস চাহঅ।
কেড়ু আল নাহি কেঁ কি বাহবকে পারঅ॥
বাম দাহিণ চাপী মিলি মিলি মাগা।
বাটত মিলিল মহাসুখ সঙ্গা॥

অথবা

অপণে রচি রচি ভব নির্বাণা।
মিছে লোঅ বন্ধাবএ অপণা॥
অম্তে ন জানহুঁ অচিন্ত জোই।
জাম মরণ ভব কইসণ হোই॥

(খ) উদ্ধৃতাংশের ব্যাখ্যা করুন : ৫

যশোদার কোলে দিআঁ শিশু বনমালী।
বসুল আনিল ঘরে যশোদার বালী॥
তার রাত্র কংসের পহুরী চিআইল।
দৈবকীর প্রসব কংসেরে জানায়িল॥

অথবা

মুণ্ডিআঁ পেলাইবো কেশ জাইবোঁ সাগর।
যোগিনীরূপ ধরী লইবোঁ দেশান্তর॥
যবেঁ কাহ্ন না মিলিহে করমের ফলে।
হাথে তুলিআ মো খাইবোঁ গরলে॥

(গ) কাহ্নপাদের কাল নির্ণয়ের জন্য কোন্ প্রাচীন গ্রন্থের সাহায্য নেওয়া হয়ে থাকে? গ্রন্থটি কোন্ সময়কার? সেটি এখন কোথায় রক্ষিত আছে? ৫

অথবা

'মহাসুখ' বলতে কি বোঝানো হয়ে থাকে, ব্যাখ্যা করুন।

(ঘ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের একটি খণ্ডের নাম জানা যায় না। পরে খণ্ডটির নামকরণ কে করেন? কি নামকরণ হয়? ৫

অথবা

'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের পুঁথি কে, কোথা থেকে আবিষ্কার করে, কোন্ সময়ে, কোথা থেকে এর প্রকাশ করেন?

★ ★ ★

PG Part–I (Under DE Mode) Exam., 2009

বাংলা

পঞ্চম পাঠক্রম

সময় : ২ ঘণ্টা　　　　*পূর্ণমান* : ৫০

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। ''রাধাভাব অঙ্গী করি ধরি তার বর্ণ।
তিন সুখ আস্বাদিতে হব অবতীর্ণ॥''

উক্তিটি স্মরণে রেখে চৈতন্যাবতারতত্ত্ব ব্যাখ্যা করুন। ১৫

অথবা

''পহিলে যে দেখি তোমা সন্ন্যাসীস্বরূপ।
এবে যে দেখি তোমা শ্যাম গোপরূপ॥''

কে, কার সম্পর্কে এই উক্তি করেছেন? কোন্ আলোচনার প্রেক্ষিতে বক্তার এরূপ অনুভূতি প্রকাশ পেয়েছে? 'চৈতন্যচরিতামৃত'-এ উভয়ের যে পরিচয় ফুটে উঠেছে, তা বিবৃত করুন।

২। অনুরাগের সংজ্ঞা ও বৈশিষ্ট্য উল্লেখ করে এই পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তার কৃতিত্ব নিরূপণ করুন। ১৫

অথবা

গৌরচন্দ্রিকা ও গৌরাঙ্গবিষয়ক পদের পার্থক্য নিরূপণ করে গৌরচন্দ্রিকার শ্রেষ্ঠ পদকর্তার পদগুলি আলোচনা করুন।

৩। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন : ৫×২=১০

(ক) ''পূর্ণ ভগবানের কর্ম্ম নহে ভারহরণ।
স্থিতিকর্ত্তা বিষ্ণু করেন জগৎ পালন॥''

প্রসঙ্গ উল্লেখ করে উক্ত পংক্তি দুটির ব্যাখ্যা করুন।

(খ) ''বৈকুণ্ঠাদ্যে নাহি যে-যে লীলার প্রচার।
সে-সে লীলা করিব, যাতে মোর চমৎকার॥''

ব্যাখ্যা করুন।

(গ) 'স্বধর্ম্মাচরণে বিষ্ণুভক্তি হয়' এবং 'স্বধর্ম্মত্যাগ সর্বসাধ্যসার'—বিষয় দুটির মধ্যে কি স্ববিরোধিতা আছে, বুঝিয়ে দিন।

(ঘ) ''সচ্চিদানন্দ-পূর্ণ কৃষ্ণের স্বরূপ।
একই চিচ্ছক্তি তাঁর ধরে তিন রূপ॥''

প্রসঙ্গ উল্লেখ করে 'সচ্চিদানন্দ কৃষ্ণ'-এর তিন রূপের ব্যাখ্যা করুন।

৪। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন : ৫×২=১০

(ক) গোবিন্দদাসের 'অভিসার' পর্যায়ের বৈশিষ্ট্য নির্দেশ করুন।

(খ) 'ভাবসম্মিলন' পর্যায়ে বিদ্যাপতির কৃতিত্ব নিরূপণ করুন।

(গ) 'আক্ষেপানুরাগ' পর্যায়ে চণ্ডীদাসের শ্রেষ্ঠত্বের কারণগুলি বিবৃত করুন।

(ঘ) জ্ঞানদাসকে রোমান্টিক কবি বলা যায় কিনা, আলোচনা করুন।

★★★

PG Part-I (Under DE Mode) Exam., 2009

বাংলা

সপ্তম পাঠক্রম

সময় : ২ ঘণ্টা *পূর্ণমান* : ৫০

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। 'মেঘনাদবধকাব্য'-এ সীতা এবং সরমার অংশটি সংযোজনের কোনো তাৎপর্য আছে কী? বিশদভাবে আলোচনা করুন। ১৫

অথবা

"প্রথাগত রোমান্টিকতা অপেক্ষা তান্ত্রিকের জীবনধর্মই মোহিতলালের কবিতাগুলিকে বিশিষ্টতা এনে দিয়েছে।" আলোচনা করুন।

২। পঠিত কবিতা অবলম্বনে বুদ্ধদেব বসুর কবিচৈতন্যের স্বরূপ বিশ্লেষণ করুন। ১৫

অথবা

ইতিহাসচেতনা জীবনানন্দ দাশের কবিতাকে কতখানি বিশিষ্টতা দিয়েছে, বুঝিয়ে বলুন।

PG Part-I (Under DE Mode) Exam., 2009

বাংলা

অষ্টম পাঠক্রম

সময় : ২ ঘণ্টা *পূর্ণমান* : ৫০

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। "নাটকের নাম 'সাজাহান' হলেও প্রকৃতপক্ষে ঔরঙ্গজেবই এ নাটকের প্রধান চরিত্র।" মন্তব্যটির গ্রহণযোগ্যতা বিচার করুন। ১৫

অথবা

"ভাববাদী ব্যক্তিস্বাতন্ত্র্য থেকে বস্তুবাদী সমষ্টিচেতনায় নব উত্তরণই 'নবান্ন' নাটকের প্রতিপাদ্য।" আলোচনা করুন।

২। 'তপস্বী ও তরঙ্গিনী' নাটকের চতুর্থ অঙ্কের কাহিনী পর্যালোচনা করে ঋষ্যশৃঙ্গ ও শান্তার পরিণতি কতোটা সঙ্গতিপূর্ণ হয়েছে, দেখান। ১৫

অথবা

" 'চাঁদ বণিকের পালা' নাটকে চাঁদ আবহমান কালের আদর্শবাদী চরিত্রের প্রতিভূ।" আলোচনা করুন।

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দিন : ৫×৪=২০

(ক) 'সাজাহান' নাটকে কে ঔরঙ্গজেবকে শেষ পর্যন্ত ক্ষমা করেনি ? কেন করেনি ?

(খ) 'নবান্ন' নাটকে হারু দত্ত, কালীধন কোন্ শ্রেণীর চরিত্রের প্রতিনিধি ? কেন এরকম চরিত্র নাটকে দেখানো হয়েছে ?

(গ) '' 'তপস্বী ও তরঙ্গিনী' নাটকের ভাববীজ এসেছে রবীন্দ্রনাথের 'পতিতা' কবিতা থেকে।'' এ উক্তির সার্থকতা দেখান।

(ঘ) 'চাঁদ বণিকের পালা' নাটকে বেহুলা ও লক্ষ্মীন্দরের কী পরিণতি ঘটে ?

(ঙ) 'নবান্ন' নাটকের শেষ দৃশ্যে দয়াল চরিত্রের মুখে লেখক কী কথা বলিয়েছেন ?

(চ) 'তপস্বী ও তরঙ্গিনী' নাটকে লোলাপাঙ্গী ও তরঙ্গিনীর পার্থক্য কোথায় ?

(ছ) 'সাজাহান' নাটকে পিয়ারা চরিত্রটির উপযোগিতা দেখান।

(জ) 'চাঁদ বণিকের পালা' নাটকের প্রথম পর্বে চাঁদ বলেছে, ''দিনরাত বুকে ভরসা রেখো, আমাদের জয় হবেই হবে।'' এই উক্তি শেষ পর্যন্ত সার্থক হয়েছে কি ?

★ ★ ★

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দিন : ৫×৪=২০

(ক) ''চিত্রাঙ্গদা ও মন্দোদরী উভয়েই রাজমহিষী, উভয়েই পুত্রবিয়োগ কাতর, কিন্তু তাঁদের চারিত্রিক ব্যবধান দুস্তর।'' মন্তব্যটি কতখানি যুক্তিগ্রাহ্য বলে আপনি মনে করেন ?

(খ) শঙ্করাচার্যের প্রতিবাদ হিসেবে মোহিতলালের 'মোহমুদ্গর' কবিতাটিকে গ্রহণ করা যায় কী ?

(গ) মোহিতলালের কবিতায় রোমান্টিক চেতনার পরিচয় দিন।

(ঘ) জীবনানন্দ দাশের 'অদ্ভুত আঁধার এক' কবিতায় কোন্ অন্ধকারের কথা এসেছে ?

(ঙ) জীবনানন্দ দাশের কবিতায় চিত্রকল্প ব্যবহারের বিশিষ্টতা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

(চ) আধুনিক কবিদের মধ্যে কবি অমিয় চক্রবর্তী কোন্ কোন্ দিক থেকে স্বতন্ত্র, বুঝিয়ে বলুন।

(ছ) 'জোনাকী মন' কবিতাটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করুন।

★ ★ ★